গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬৬.২০২০-

তাং---------------------/ /১৪২৮ বঙ্গাব্দ
/ /২০২১ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

(১) জনাব উইলিয়াম বিশ্বাস,পিতা- নিখিল বিশ্বাস, সিনিয়র স্টাফ নার্স (সদর হাসপাতাল, সুনামগঞ্জ), (২) জনাব সুমনা বিশ্বাস, পিতা- অজিত বিশ্বাস, সিনিয়র স্টাফ নার্স (২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার), (৩) জনাব তানিয়া মন্ডল, পিতা-অনিল মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, (উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীমঙ্গল, মৌলভীবাজার) অভিযুক্তদের সাবেক কর্মস্থল: ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ এর বিরুদ্ধে সহকারী পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল , গোপালগঞ্জ কর্তৃক গত ০৭/০৭/২০২০ খ্রি: তারিখের জেহা/ গোপ/২০২০/৫৭৫৩ নং স্মারকে অভিযোগ আনায়ন করা হয়। অভিযোগটি তদন্ত কমিটি কর্তৃক তদন্তপূর্বক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও নথি নিরীক্ষা, পর্যালোচনা এবং স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তাদেরকে সতর্ক করার সুপারিশের প্রেক্ষিতে অভিযুক্তদেরকে ভবিষ্যতের জন্য সতর্কীকরণপূর্বক সঠিকভাবে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বাঃ
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৬৬.২০২০- ৩২৪ /১(১৪)

তাং ২৭/ ৪ /১৪২৮ বঙ্গাব্দ
১০ / ৮ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিভিল সার্জন, গোপালগঞ্জ/সুনামগঞ্জ/ কক্সবাজার/মৌলভীবাজার।
০৩। সহকারী পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ।
০৪। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, সুনামগঞ্জ।
০৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার
০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
০৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, গোপালগঞ্জ।
০৯। সেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। জনাব উইলিয়াম বিশ্বাস, পিতা- নিখিল বিশ্বাস, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ (বর্তমান কর্মস্থল: সদর হাসপাতাল, সুনামগঞ্জ)।
১২। জনাব সুমনা বিশ্বাস, পিতা- অজিত বিশ্বাস, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ (বর্তমান কর্মস্থল: ২৫০ শয্যা জেলা সদর হাসপাতাল, কক্সবাজার)।
১৩। জনাব তানিয়া মন্ডল, পিতা-অনিল মন্ডল, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ (বর্তমান কর্মস্থল: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীমঙ্গল, মৌলভীবাজার)।
১৪। অফিস কপি।

০৯/০৮/২১
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭৯.২০২০, ৬২৫

তাং- ২৯ / ৪ /১৪২৭ বঙ্গাব্দ
১৩ / ৮ /২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোছা: সানোয়ারা আক্তার (পিতা: মো: শামসুদ্দীন আহম্মেদ), সিনিয়র স্টাফ নার্স, আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর এর বিরুদ্ধে গত ১৬-১১-২০২০ তারিখের স্বা:অধি:/শৃঙ্খলা-১৫১/২০২০/৪১৭৩ নং স্মারকে পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক অগ্রায়ণকৃত পত্রে জনাব মো: তাজরিয়ান বাবু (অভিযুক্তের প্রাক্তন স্বামী), পিতা: আব্দুস সামাদ, সাং সরকারপাড়া, পার্বতীপুর, দিনাজপুর এর দাখিলকৃত অভিযোগ অনুযায়ী জনাব মোছা: সানোয়ারা আক্তার কর্তৃক এস এস সির মূল সনদ/নম্বরপত্রে (২০০৫) জি পি এ ২.৭৫ এর স্থলে সনদ জালিয়াতি করে নার্সিং ইনস্টিটিউট, কুড়িগ্রাম এ ভর্তির আবেদন পত্র এবং ভর্তির জন্য দাখিলকৃত আবেদন পত্রে সংযুক্ত এস এস সি সদনপত্রের ফটোকপিতে ৪.৭৫ উল্লেখ করে ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন-সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তি হয়ে নার্সিং পাশ করত: ২০১৬ সালে সিনিয়র স্টাফ নার্স হিসেবে সরকারি চাকরীতে নিয়োগপ্রাপ্ত হয়ে অর্থ আত্মসাতের অভিযোগ উত্থাপিত হয়েছে;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ অধিদপ্তরের গত ৩১-১২-২০২০ তারিখের ৩১৭ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয় এবং তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেছেন;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগটি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, এক্ষণে মোছা: সানোয়ারা আক্তার (পিতা: মো: শামসুদ্দীন আহম্মেদ), সিনিয়র স্টাফ নার্স, আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর আপনাকে "অসদাচরণ" এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অভিযুক্ত করা হল এবং কেন একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক আপনাকে চাকরী হতে বরখাস্ত করা হবে না অথবা কেন একই বিধিমালায় বর্ণিত অন্য কোন দণ্ড প্রদান করা হবে না তার কারণ উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল এবং এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইল: dg@dgnm.gov.bd

মোছা: সানোয়ারা আক্তার
পিতা: মো: শামসুদ্দীন আহম্মেদ
সিনিয়র স্টাফ নার্স
আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল
দিনাজপুর।

স্থায়ী ঠিকানা:
মোছা: সানোয়ারা আক্তার
পিতা: মো: শামসুদ্দীন আহম্মেদ
গ্রাম: রনগাঁও
পোস্ট: বুলিয়াবাজার
থানা: কাহারোল
জেলা: দিনাজপুর।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭৯.২০২০. ৩২৫/১(৪২)          তাং- ১৯/৪/১৪২৭ বঙ্গাব্দ
০৩/৮/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

০৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্সিং অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৫। সিভিল সার্জন, দিনাজপুর/কুড়িগ্রাম।

০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,দিনাজপুর/কুড়িগ্রাম।

০৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮। সেবা তত্ত্বাবধায়ক, আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর।

০৯। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, দিনাজপুর/কুড়িগ্রাম।

১০। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কুড়িগ্রাম।

১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১২। অফিস কপি।

৩/৮/২১

মো: নাসির উদ্দিন

উপসচিব

পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব মোছা: সানোয়ারা আক্তার (পিতা: মো: শামসুদ্দীন আহম্মেদ), সিনিয়র স্টাফ নার্স, আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর এর এস এস সির মূল সনদ/নম্বরপত্রে (২০০৫) জি পি এ ২.৭৫ এর স্থলে সনদ জালিয়াতি করে নার্সিং ইনস্টিটিউট, কুড়িগ্রাম এ ভর্তির আবেদন পত্র এবং ভর্তির জন্য দাখিলকৃত আবেদন পত্রে সংযুক্ত এস এস সি সদনপত্রের ফটোকপিতে ৪.৭৫ উল্লেখ করে ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন-সয়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তি হয়ে নার্সিং পাশ করত: ২০১৬ সালে সিনিয়র স্টাফ নার্স হিসেবে সরকারি চাকরীতে নিয়োগপ্রাপ্ত হয়েছে। এস এস সির মূল সনদ/নম্বরপত্রে (২০০৫) জিপিএ ২.৭৫ এবং ভর্তির আবেদন পত্র ও ভর্তির জন্য তার দাখিলকৃত আবেদন পত্রে সংযুক্ত এস এস সি সদনপত্রের ফটোকপিতে ৪.৭৫ উল্লেখ থাকায় তা জালিয়াতি করা হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের আওতাভূক্ত অপরাধ।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইল: dg@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৭.২১-

তাং------------ / /১৪২৮ বঙ্গাব্দ
/ /২০২১ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

জনাব এস এম ফরিদুল ইসলাম, পিতা: মো: সামসুল হুদা, সিনিয়র স্টাফ নার্স, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, লালমনিরহাট (বর্তমান কর্মস্থল: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাজনগর, মৌলভীবাজার) এর বিরুদ্ধে অভিযোগকারী ১. মো: আব্দুস সোবাহান, গ্রাম: চরকুলাঘাট, পোস্ট: কুলাঘাট, উপজেলা: সদর, জেলা: লালমনিরহাট ২. শ্রী রনজিৎ কুমার সরকার, গ্রাম: সাপটানা (বানিয়ার দিঘি), পোস্ট: নয়ারহাট, উপজেলা: সদর, জেলা: লালমনিরহাট এবং ৩. মো: লিটন আহমেদ, গ্রাম: সাপটানা (আদর্শ), পোস্ট: লালমনিরহাট, উপজেলা: সদর, জেলা: লালমনিরহাট কর্তৃক অভিযোগ করে অভিযোগপত্র প্রেরণ করা হয়। উক্ত অভিযোগ তদন্ত করার জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হল। তদন্ত কমিটিকে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

১. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, লালমনিরহাট ----------------------------------------আহ্বায়ক;
২. সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, লালমনিরহাট -----------সদস্য সচিব;
৩. নার্সিং সুপারভাইজার (জ্যেষ্ঠতম), ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, লালমনিরহাট -----------------সদস্য।

সংযুক্তি: অভিযোগপত্র ০১(এক) পাতা।

স্বা/-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ই-মেইলঃ dg@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১০৭.২১- ৬৯৫/১(১০)

তাং- ১৯/ ৪ /১৪২৮ বঙ্গাব্দ
০৩/০৮/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
০১। সিভিল সার্জন, লালমনিরহাট/মৌলভীবাজার।
০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার।
০৩। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৪। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, মৌলভীবাজার।
০৫। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, লালমনিরহাট ( অভিযোগের অনুলিপি প্রেরণ করা হল)।
০৬। সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, লালমনিরহাট (আপনাকে সাচিবিক দায়িত্ব পালনসহ তদন্ত কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হল)।
০৭। নার্সিং সুপারভাইজার (জ্যেষ্ঠতম), ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, লালমনিরহাট।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯। জনাব এস এম ফরিদুল ইসলাম, পিতা: মো: সামসুল হুদা, সিনিয়র স্টাফ নার্স, ১০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল, লালমনিরহাট (বর্তমান কর্মস্থল: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাজনগর, মৌলভীবাজার)
১০। অফিস কপি।

০৩/০৮/২১
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
মহাখালী ১২১২ ঢাকা।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩২.২০২১

তারিখঃ /১৪২৮ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব বিউটি বড়াল, পিতাঃ গৌরাংগ লাল বড়াল, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠান, নিটোর (সাবেক পঙ্গু হাসপাতাল), ঢাকা এর গত ৫/১০/২০২০ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। এমতাবস্থায়, আগামী ১২.০৮.২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর মহাপরিচালক মহোদয় কর্তৃক ব্যক্তিগত শুনানিতে উপস্থিত থাকার জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪/৮/২১
মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃংখলা)

জনাব বিউটি বড়াল
সিনিয়র স্টাফ নার্স,
জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠান, নিটোর (সাবেক পঙ্গু হাসপাতাল), ঢাকা।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩২.২০২১.০৫৭/১২(৫)

তারিখঃ ২০/৪ /১৪২৮ বঙ্গাব্দ
০৪/৮ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থ ও কার্যার্থেঃ(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, জাতীয় অর্থোপেডিক ও পুর্নবাসন প্রতিষ্ঠান,নিটোর (সাবেক পঙ্গু হাসপাতাল), ঢাকা।
২। উপপরিচালক (পিএমআইএস শাখ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩। সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় অর্থোপেডিক ও পুর্নবাসন প্রতিষ্ঠান (সাবেক পঙ্গু হাসপাতাল), ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী ,নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,মহাখালী ,ঢাকা।
৫। অফিস কপি।

০৪/৮/২০২১
রেবেকা খাতুন
সহকারি পরিচালক (শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
**শৃঙ্খলা শাখা**
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.১৬.০২৮.২১- ৬২৬

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

বিষয়ঃ বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক প্রতিবেদন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় পদোন্নতি, স্থায়ীকরণ, উচ্চতর গ্রেডপ্রাপ্তি ইত্যাদি চাকরি সংক্রান্ত বিষয়াদি বিবেচনার ক্ষেত্র ছাড়াও অবসরোত্তর ছুটি ভোগের প্রাক্কালে ও চূড়ান্ত অবসর/পেনশন ও আনুতোষিক মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক প্রতিবেদন সংগ্রহ করা হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, অধিদপ্তর/দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত এ সমস্ত বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক প্রতিবেদনে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক কার্যক্রম চলমান/প্রক্রিয়াধীন নেই মর্মে উল্লেখ করা হয়। অথচ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ইতোপূর্বে গৃহীত কোন বিভাগীয় মামলায়/শৃঙ্খলামূলক কার্যক্রমে শাস্তি আরোপ করা হয়েছিল কিনা এবং আরোপিত শাস্তি বহাল রয়েছে কিনা তা সুস্পষ্টরূপে উল্লেখ করা হয় না। বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক কার্যক্রমের বিষয়ে স্বয়ংসম্পূর্ণ তথ্য-উপাত্ত না থাকলে সিদ্ধান্ত গ্রহণে অসুবিধার সম্মুখীন হতে হয়।

২। এছাড়া আরো লক্ষ্যণীয় যে, কোন কোন অধিদপ্তর/দপ্তর/সংস্থা তাদের নিজস্ব শৃঙ্খলা শাখা/মাঠ পর্যায়ের অফিসের মতামত অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/শৃঙ্খলামূলক কার্যক্রম চলমান/প্রক্রিয়াধীন নেই মর্মে প্রতিবেদনে উল্লেখ করে থাকে। অথচ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেয়া আবশ্যক, যেখানে অধিদপ্তর/দপ্তর/সংস্থার সার্বিক মতামতের প্রতিফলন ঘটে। নিজস্ব শাখা/মাঠ পর্যায় থেকে প্রতিবেদন সংগ্রহ করা তাদের অভ্যন্তরস্থ বিষয়। তাদের প্রতিবেদনের যথার্থতা নিশ্চিত করার জন্য অবশ্যই তাদের শাখা/মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করতে হবে। তবে মন্ত্রণালয়/বিভাগে প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে সম্পূর্ণ দায়িত্ব নিয়ে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেয়া প্রয়োজন যাতে কোনরূপ অস্পষ্টতা না থাকে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনানুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যক্রম/বিভাগীয় মামলা চলমান/প্রক্রিয়াধীন আছে কি-না তৎসহ ইতোপূর্বে গৃহীত কোনো বিভাগীয় মামলায় দন্ড আরোপ করা হলে উক্ত দন্ড বহাল রয়েছে কি-না উল্লেখ করে মতামতসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণের জন্য জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/০৭/২০২১
(মোঃ সাইফুল ইসলাম)
যুগ্মসচিব

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট),১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫
৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, সিএমই ভবন, মহাখালী, ঢাকা-১২১২
৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড,মহাখালী, ঢাকা-১২১২
৫। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৬। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমঅ্যান্ডডিসি), ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয় নগর, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয় নগর, ঢাকা।
৮। রেজিস্ট্রার,বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয় নগর, ঢাকা।
৯। রেজিস্ট্রার, বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেম অব মেডিসিন, ৭৬/বি, ইন্দিরারোড, ঢাকা-১২১৫।
১০। রেজিস্ট্রার কাম সেক্রেটারি, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, বাড়ী নং-১৬, রোড নং-১/এ, নিকুঞ্জ-২, খিলক্ষেত-১২১৯।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। যুগ্মসচিব (শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা ।